



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস রিলিজ

তারিখঃ ০৭/১১/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার পুনঃনির্ধারিত তারিখ ঘোষণা পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৭ ও ২৮ ডিসেম্বর

স্থগিত হওয়া বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে। পুনঃনির্ধারিত সময়সূচি অনুযায়ী বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা আগামী ২৭ ও ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখ রোজ শুক্র ও শনিবার অনুষ্ঠিত হবে। অদ্য ৭ নভেম্বর ২০১৯ তারিখ সকাল ১০ টায় নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন) এর সভাপতিত্বে ভর্তি পরীক্ষা কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যদের উপস্থিতিতে ভর্তি পরীক্ষার নতুন এ সময়সূচি নির্ধারণ করা হয়। আগামী ২৭ ডিসেম্বর ২০১৯ তারিখ শুক্রবার সকাল ১০ টা হতে ১১ টা “খ” ইউনিট, বিকাল ৩ টা হতে ৪ টা “গ” ইউনিট এবং ২৮ ডিসেম্বর ২০১৯ তারিখ শনিবার সকাল ১১ টা হতে ১২:৩০ টা পর্যন্ত “ক” ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য গত ৬ নভেম্বর ২০১৯ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করে অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন (আরেফিন মাতিন) বলেছিলেন, আমার প্রথম অগ্রাধিকার হচ্ছে স্থগিত হওয়া ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তারিখ দ্রুত ঘোষণা করে সুষ্ঠুভাবে এর যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বরিশাল বিশ্ববিদ্যালয়ের <http://admission.eis.bu.ac.bd>, www.barisaluniv.ac.bd এবং www.bu.ac.bd ওয়েবসাইট সমূহে পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস